গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
ব্যাংডক ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.doict.gov.bd

বিজ্ঞপ্তি নম্বর: ৫৬.০৪.০০০০.০০৯.১১.০০২.১৫-১২৯৭

তারিখ: ০৬.১০.২০১৫ খ্রি:

# নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর নিম্নোক্ত শূন্য পদসমূহ পূরণের জন্য পদের পার্শ্বে উল্লিখিত বেতনস্কেল ও নিয়মানুযায়ী প্রাপ্য অন্যান্য ভাতায় বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতনস্কেল (২০০৯) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | কম্পিউটার অপারেটর<br>৫৫০০-৩৪৫x৭-৭৯১৫-ইবি-৩৮০x১১-১২০৯৫/- (১৩নং স্কেল) | ৭০টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার। দুই বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয় ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটরদের ক্ষেত্রে শিথিলযোগ্য।<br>(খ) অবশ্যই অপারেটরদের বুদ্ধিমত্তা পরীক্ষায় (Operators aptitude test) উত্তীর্ণ হতে হবে। |
| ২। | ক্যাটালগার<br>৫৫০০-৩৪৫x৭-৭৯১৫-ইবি-৩৮০x১১-১২০৯৫/- (১৩নং স্কেল) | ০১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে তথ্য ও বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে ডিপ্লোমাসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনার দক্ষতা থাকতে হবে। |
| ৩। | ব্যক্তিগত সহকারী (পিএ)<br>৫৫০০-৩৪৫x৭-৭৯১৫-ইবি-৩৮০x১১-১২০৯৫/- (১৩নং স্কেল) | ০৩টি | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটারের কাজে দক্ষতা।<br>(ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ।<br>(খ) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। |
| ৪। | উচ্চমান সহকারী<br>৫২০০-৩২০x৭-৭৪৪০-ইবি-৩৪৫x১১-১১২৩৫/- (১৪নং স্কেল) | ০১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারের কাজে দক্ষতা থাকতে হবে। |
| ৫। | হিসাবরক্ষক<br>৫২০০-৩২০x৭-৭৪৪০-ইবি-৩৪৫x১১-১১২৩৫/- (১৪নং স্কেল) | ০১টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটারের কাজে দক্ষতা। |
| ৬। | ক্যাশিয়ার<br>৫২০০-৩২০x৭-৭৪৪০-ইবি-৩৪৫x১১-১১২৩৫/- (১৪নং স্কেল) | ০১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারের কাজে দক্ষতা থাকতে হবে। |
| ৭। | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর<br>৪৭০০-২৬৫x৭-৬৫৫৫-ইবি-২৯০x১১-৯৭৪৫/- (১৬নং স্কেল) | ০১টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার।<br>(খ) অবশ্যই ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটরদের জন্য নির্ধারিত প্রমিত বুদ্ধিমত্তা পরীক্ষায় (standard aptitude test) উত্তীর্ণ হতে হবে। |
| ৮। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৪৭০০-২৬৫x৭-৬৫৫৫-ইবি-২৯০x১১-৯৭৪৫/- (১৬নং স্কেল) | ০৩টি | উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা।<br>(ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>(খ) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |
| ৯। | স্টোর কিপার<br>৪৭০০-২৬৫x৭-৬৫৫৫-ইবি-২৯০x১১-৯৭৪৫/- (১৬নং স্কেল) | ০১টি | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটারের কাজে দক্ষতা। |
| ১০। | প্লাম্বার<br>৪৭০০-২৬৫x৭-৬৫৫৫-ইবি-২৯০x১১-৯৭৪৫/- (১৬নং স্কেল) | ০১টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা;<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের |

| | | | |
|---|---|---|---|
| | | | পরীক্ষায় উত্তীর্ণসহ ৬ (ছয়) মাসের ভোকেশনাল ইন প্লাম্বিং কোর্সে উত্তীর্ণ হতে হবে।<br>অথবা<br>অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ প্লাম্বিং কাজের উপর ৬ (ছয়) মাসের কোর্স সম্পন্ন হতে হবে।<br>(খ) কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে প্লাম্বার হিসেবে ২ (দুই) বৎসরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১১। | গাড়িচালক<br>৪৭০০-২৬৫x৭-৬৫৫৫-ইবি-২৯০x১১-৯৭৪৫/- (১৬নং স্কেল) | ৭১টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান বা বোর্ড হতে অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় অভিজ্ঞ। |

## আবেদনের শর্ত ও নিয়মাবলীঃ

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। আবেদনকারীকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ওয়েব সাইট (www.doict.gov.bd) হতে নির্ধারিত ফরম ডাউনলোড করে কম্পিউটার কম্পোজ করে স্বাক্ষরসহ আবেদনপত্র প্রেরণ করতে হবে এবং আবেদনপত্রের সফ্টকপি ইউনিকোডে পূরণ করে adg@doict.gov.bd ই-মেইলযোগে প্রেরণ করতে হবে। নিয়োগ সংক্রান্ত সকল তথ্য www.doict.gov.bd ওয়েব সাইট এ প্রকাশ করা হবে।

৩। প্রার্থীর বয়সসীমা ০১ নভেম্বর ২০১৫ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানদের সন্তানের বয়স ৩২ বছর পর্যন্ত। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি (ছবির পেছনে নামসহ) সংযুক্ত করতে হবে।

৫। আবেদনপত্রের সাথে মহাপরিচালক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ,ব্যাংডক ভবন , আগারগাঁও, ঢাকা এর অনুকূলে পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে কোড নম্বর ১-২৮০১-০০০১-২০৩১ এ প্রদান করে ট্রেজারী চালানের কপি সংযুক্ত করতে হবে।

৬। প্রবেশ-পত্র প্রেরণের জন্যে প্রার্থীদের নাম ও যোগাযোগের ঠিকানা উল্লেখ পূর্বক ৬/- (ছয়) টাকার ডাক টিকেটযুক্ত ৪X৯.৫ ইঞ্চি সাইজের ২টি ফেরত খাম সংযুক্ত করতে হবে। খামের উপর পদের নাম এবং জেলার নাম উল্লেখ করতে হবে।

৭। প্রার্থীর ছবি, পরীক্ষার ফি বাবদ চালানের কপি এবং ফেরত খাম ব্যতীত অন্য কোন সনদ বা প্রমাণপত্রের অনুলিপি আবেদনের সাথে সংযুক্ত করার প্রয়োজন নেই। মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লিখিত সকল তথ্য প্রমাণের জন্য সনদ বা প্রমাণ পত্রের মূল কপি ও একসেট অনুলিপি (১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) সাথে আনতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।

৮। আবেদনপত্র আগামী ১২ নভেম্বর ২০১৫ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ১৪/ই, ব্যাংডক ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭ এই ঠিকানায় পৌছাতে হবে। খামের উপর পদের নাম, নিজ জেলা এবং কোন কোটায় আবেদন করা হয়েছে তা উল্লেখ করতে হবে।

৯। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, সফ্টকপি আবেদনপত্র বিহীন ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে যেকোন সময় প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১২। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১৩। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। আবেদনপত্র গ্রহণ, বাতিল এবং নিয়োগ বাতিলসহ সকল ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদ সংখ্যা হ্রাস বৃদ্ধি হতে পারে।

১৫। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রাণালয় কর্তৃক জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।

১৬। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে কেবলমাত্র মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ দেয়া হবে।

০৬.১০.১৫

সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি (৩য়/৪র্থ শ্রেণী)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ফোন: ৮১৮১০২১